

## বিশেষায়িত হাসপাতাল এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে হট লাইন নম্বর হিসাবে প্রদত্ত সিম ব্যবহার নীতিমালাঃ

- ১) প্রদত্ত নম্বরগুলো পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কেবলমাত্র বিশেষায়িত হাসপাতাল ও চালু মা ও শিশু কল্যাণ কেন্দ্র এর জন্য হটলাইন সেবা পোস্টপেইড হান্ডিং নম্বর হিসেবে ব্যবহৃত হবে।
- ২) নম্বরসমূহ জন্য স্ব স্ব কেন্দ্র জনগণের অবগতির জন্য ওয়েব সাইট, সামাজিক যোগাযোগ মাধ্যম, ক্যাবল চ্যানেল, স্থানীয় দৈনিক ইত্যাদি মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবে। এছাড়াও বিলবোর্ড, পোস্টার, লিফলেটের মাধ্যমে বিভিন্ন সমাগমস্থলে প্রদর্শনের ব্যবস্থা করবে।
- ৩) কেবল জনস্বার্থে জরুরি ভিত্তিতে মোবাইল নির্ভর স্বাস্থ্য ও পরামর্শ সেবা প্রদানের লক্ষ্যে নম্বরগুলো ব্যবহার করা হবে।
- ৪) সেবার পরিধি বিবেচনায় বিশেষায়িত হাসপাতালে তথ্য ও সেবার জন্য একটি করে মোট দুটি আর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে তথ্য ও সেবার জন্য একটি নম্বর ব্যবহার করা হবে।
- ৫) জনসাধারণের সহজ অবগতি ও ব্যবস্থাপনা সুবিধার জন্য এ উদ্দেশ্যে একই সিরিজের নম্বর প্রদান করা হয়েছে।
- ৬) নম্বরগুলোতে মূলত ভয়েস কল (voice call) ও টেক্সট মেসেজ (text message) গ্রহণ করা হবে। জরুরি প্রয়োজন হলে সেবার সংগে জড়িত কাউকে কল করা যাবে বা টেক্সট পাঠানো যাবে।
- ৭) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নম্বরগুলো ২৪/৭ ভিত্তিতে চালু রাখার ব্যবস্থা করবেন। রোস্টার ডিউটির বেলায় যিনি যে সময় দায়িত্বে থাকবেন তার কাছে ফোনসেট থাকবে।
- ৮) নম্বরগুলো ব্যবহার এর জন্য এমআইএস ইউনিট থেকে মাসিক ভিত্তিতে অর্থ বরাদ্দ দেয়া হবে। অর্থ ব্যয় সংক্রান্ত নির্দেশনা বরাদ্দপত্রে প্রদান করা হবে।
- ৯) ফিল্ড সার্ভিস ডেলিভারি ওপি থেকে প্রত্যেক বিশেষায়িত হাসপাতাল এর জন্য দুটি ও প্রত্যেক মা ও শিশু কল্যাণ কেন্দ্র এর জন্য একটি করে হ্যান্ডসেট সরবরাহ করা হবে।
- ১০) এ সংক্রান্ত আরো তথ্য ও সহযোগিতার জন্য এমআইএস ইউনিটের প্রোগ্রামার জনাব জালাল উদ্দিন আহমেদ, মোবাইল নং- ০১৭১১৩৩২৬১০ এবং প্রোগ্রাম ম্যানেজার জনাব মেহবুব মোর্শেদ মোবাইল নং- ০১৭১১০৬৯৯৯২ এর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।